

পত্র সংখ্যা-০৩.১০.২৬৯০.০১৪.০৭.০০৪.২০২৪-১৩

তারিখ : ২০ চৈত্র ১৪৩০  
০৩ এপ্রিল ২০২৪


## ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) উচ্চ শিক্ষাবৃত্তি বিজ্ঞপ্তি

**বিষয় : বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কর্মসূচির আওতায়  
সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি-২০২৪ এর আবেদন আহ্বান**

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' শীর্ষক কর্মসূচির আওতায় সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের সহায়তা প্রদানের লক্ষ্যে সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানের কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়/সমতুল্য পর্যায়ে অধ্যয়নরত স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে (ওয়েব পোর্টাল ঠিকানা: [empl.pmo.gov.bd](http://empl.pmo.gov.bd)):

### আবেদনের শর্তাবলী:

- আবেদনকারী শিক্ষার্থীদের অবশ্যই বাংলাদেশের সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত নাগরিক হতে হবে। এক্ষেত্রে আবেদনকারী পার্বত্য চট্টগ্রাম ব্যতীত (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) অন্য যে কোন জেলার স্থায়ী বাসিন্দা হতে পারেন;
- আবেদনকারী শিক্ষার্থীকে অবশ্যই বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
- কেবল ২০১৪ খ্রি. ও তার পরবর্তীতে এসএসসি/সমমানের পাসকৃতরাই এ বৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- কোন ধরনের সরকারি চাকুরিতে কর্মরত কেউ আবেদন করতে পারবে না;
- কোন তফসিলি ব্যাংকে আবেদনকারীর নিজ নামে একটি সঞ্চয়ী হিসাব নম্বর (কমপক্ষে ১৩ ডিজিটের) থাকতে হবে এবং এ সঞ্চয়ী হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংকের শাখার রাউটিং নম্বর (routing number) অনলাইনে আবেদনের যথাস্থানে প্রদান করতে হবে;
- অনলাইনে আবেদন ফরমে প্রয়োজনীয় সকল তথ্যাদি যথাযথভাবে প্রদান করতে হবে। আবেদনকারীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট বোর্ডের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে যাচাই করে নেয়া হবে;
- আবেদনকারীকে আগামী ০৪/০৪/২০২৪ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে ১৫/০৫/২০২৪ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে [empl.pmo.gov.bd](http://empl.pmo.gov.bd)-এ ওয়েব পোর্টালে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন শিক্ষার্থী আবেদন করতে পারবে না। অনলাইনে আবেদনের পর আবেদনকারী একটি ১২ ডিজিটের ইউনিক ইউজার আইডি ও ৬ ডিজিটের পাসওয়ার্ড পাবেন। আবেদনটি যথাযথভাবে দাখিল হলে আবেদনকারী কর্তৃক আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে একটি স্বয়ংক্রিয় এসএমএস-এর মাধ্যমে তা নিশ্চিত করা হবে। মেধাক্রমের ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীর আবেদনে প্রদত্ত ব্যাংক হিসাব নম্বরে বৃত্তির অর্থ স্বয়ংক্রিয়ভাবে প্রেরণ করা হবে। এক্ষেত্রেও আবেদনকারীকে এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে;
- অনলাইনে আবেদনপত্র পূরণের বিস্তারিত নিয়মাবলী ও প্রয়োজনীয় সকল তথ্য [empl.pmo.gov.bd](http://empl.pmo.gov.bd) ওয়েব পোর্টালে পাওয়া যাবে;
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্ট/কাগজপত্র স্ক্যান করে অবশ্যই সংযুক্ত করতে হবে:
  - সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ২০২২ বা তৎপরবর্তীকালে ইস্যুকৃত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত প্রত্যয়নপত্র (নির্ধারিত ফরমেটে);
  - শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত পরিচয়পত্র/প্রত্যয়নপত্র;
  - আবেদনকারীর নিজ নামের ব্যাংকের চেক বইয়ের প্রথম পাতার (cover page) স্ক্যান কপি।

  
০৩/০৪/২০২৪

দীনেশ সরকার  
গবেষণা কর্মকর্তা  
(সিনিয়র সহকারী সচিব)  
ফোন: ৫৫০২৯৫৩০।